গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিচালক, পরিবেশ অধিদপ্তর, ময়মনসিংহ বিভাগ

এবং

মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, ঢাকা।

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ০১, ২০১৯ - জুন ৩০, ২০২০

# সূচিপত্র


| ক্রমিক সংখ্যা | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|
| ১ | প্রেক্ষাপট | ৩ |
| ২ | পরিবেশ অধিদপ্তর, ময়মনসিংহ বিভাগ এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র | ৪ |
| ৩ | উপক্রমণিকা | ৫ |
| ৪ | সেকশন ১: পরিবেশ অধিদপ্তরের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি | ৬ |
| ৫ | সেকশন ২: পরিবেশ অধিদপ্তরের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | ৭-৮ |
| ৬ | সেকশন ৩: পরিবেশ অধিদপ্তরের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | ৯-১১ |
| ৭ | **সংযোজনী ১:** শব্দসংক্ষেপ (Acronyms) | ১২ |
| ৮ | **সংযোজনী ২:** কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/ সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি | ১৩ |
| ৯ | **সংযোজনী ৩:** কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্য মন্ত্রণালয়/ বিভাগের উপর নির্ভরশীলতা | ১৪ |

# প্রেক্ষাপট

বর্তমান সরকার টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDG) বাস্তবায়নে অঙ্গীকারবদ্ধ এবং টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে ইতোমধ্যে কার্যক্রম শুরু করেছে। সরকার পরিবেশ সুরক্ষার বিষয়টিকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানে ১৮(ক) অনুচ্ছেদ সংযোজন করেছে। যেখানে বলা হয়েছে, "রাষ্ট্র বর্তমান ও ভবিষ্যৎ নাগরিকদের জন্য পরিবেশ সংরক্ষণ ও উন্নয়ন করিবেন এবং প্রাকৃতিক সম্পদ, জীব-বৈচিত্র্য, জলাভূমি, বন ও বন্যপ্রাণীর সংরক্ষণ ও নিরাপত্তা বিধান করিবেন।"

এছাড়া সরকার রূপকল্প ২০২১-এর যথাযথ বাস্তবায়নে দৃঢ় প্রতিজ্ঞ এবং সুশাসন সংহতকরণে সচেষ্ট। এজন্য একটি কার্যকর, দক্ষ এবং গতিশীল প্রশাসনিক ব্যবস্থা একান্ত অপরিহার্য বলে সরকার মনে করে। এ পরিপ্রেক্ষিতে স্বচ্ছতা ও দায়বদ্ধতা বৃদ্ধি, সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ এবং প্রাতিষ্ঠানিক সক্ষমতা উন্নয়নের জন্য সরকারি দপ্তর/সংস্থাসমূহে কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি প্রবর্তনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এই প্রক্রিয়ার ধারাবাহিকতায় পরিচালক, পরিবেশ অধিদপ্তর, ময়মনসিংহ বিভাগীয় কার্যালয় ১৬ জুন, ২০১৯ খ্রি. তারিখে মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, ঢাকা-এর সাথে ২০১৯-২০২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি করেন।

# পরিবেশ অধিদপ্তর, ময়মনসিংহ বিভাগীয় কার্যালয় এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

**(Overview of the Performance of the Department of Environment, Mymensingh Division)**

## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ

- জনস্বার্থে অবাধ ও উন্মুক্ত তথ্য ব্যবস্থা প্রচলনের উদ্দেশ্যে মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের Access to Information (A2I) প্রকল্পের সহযোগিতায় গত ০৮ এপ্রিল, ২০১৫ তারিখ থেকে পরিবেশ অধিদপ্তরে পরিবেশগত ছাড়পত্রের আবেদন অনলাইনের মাধ্যমে গ্রহণের কার্যক্রম শুরু হয়েছে। বর্ণিত সফটওয়্যার ব্যবহারের মাধ্যমে ইতোমধ্যে ময়মনসিংহ বিভাগীয় কার্যালয়ের আওতাধীন জেলাসমূহে বর্তমানে ১,২৯৩ এর অধিক ছাড়পত্র ইস্যু ও ৭১৮ টি নবায়ন প্রদান করা হয়েছে । প্রদানকৃত অবস্থানগত/পরিবেশগত ছাড়পত্র ও নবায়নের একটি স্বয়ংসম্পুর্ণ প্রতিবেদন অটোমেশন সফটওয়্যার এ রয়েছে। সফটওয়্যারের মাধ্যমে উর্ধ্বতন কর্মকর্তা তাঁর অধীনস্তদের কাছে পেন্ডিং নথি ও তার অগ্রগতি মনিটরিং করতে পারেন।

- ইটভাটা সৃষ্ট বায়ু দূষণ নিয়ন্ত্রণের জন্য সরকার পরিবেশ অধিদপ্তরের পরামর্শক্রমে ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) (সংশোধন) আইন, ২০১৯ প্রণয়নপূর্বক জারি করে কার্যকর করা হয়েছে। এ আইনের আওতায় ইটভাটার মালিকপক্ষকে সচেতন করার মাধ্যমে ময়মনসিংহ বিভাগ প্রায় ৬৫ শতাংশ ইটভাটাকে আধুনিক পদ্ধতিতে রূপান্তর করতে সক্ষম হয়েছে।

- পরিবেশ দূষণকারী বিভিন্ন ব্যক্তি/প্রতিষ্ঠানের মালিকগণের সাথে দূষণ নিয়ন্ত্রণ ব্যবস্থা নিয়ে প্রায়শই মতবিনিময় সভার আয়োজন করা হয়। এছাড়া দূষণকারী ব্যক্তি/প্রতিষ্ঠান আইনের আওতায় এনে পরিবেশ দূষণের দায়ে বাংলাদেশ পরিবেশ সংরক্ষন আইন, ১৯৯৫ এর আওতায় ক্ষতিপুরণ আরোপসহ মামলা দায়েরের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

### সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ

- স্বল্প জনবল ও যানবাহন না থাকা;
- ক্রমবর্ধমান অপরিকল্পিত নগরায়ন, আবাসন ও শিল্পায়ন;
- ইটভাটার নতুন প্রযুক্তিতে রূপান্তরে ধীরগতি;
- নদী-নালা ও জলাভূমি অবৈধ দখল, ভরাট, নদী দূষণ;
- চিকিৎসা বর্জ্য, ই-বর্জ্য, বিপদজ্জনক বর্জ্য ও কঠিন বর্জ্য পরিবেশ সম্মত ব্যবস্থাপনা না করা;

### ভবিষ্যৎ পরিকল্পনা

- অনলাইন শিল্প দূষণ মনিটরিং ব্যবস্থা চালু করা;
- শতভাগ শিল্প-কলকারখানাকে পরিবেশ আইন প্রতিপালনের আওতায় আনা এবং Zero Discharge এর লক্ষ্য অর্জন করা;
- দূষণকারী ইটভাটাগুলোকে পরিবেশ সম্মত ব্যবস্থাপনায় আনয়ন;

২০১৯-২০ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ

- শতকরা ৭৫ ভাগ শিল্প-কলকারখানাকে দূষণ নিয়ন্ত্রণ ব্যবস্থা গ্রহনসহ পরিবেশ আইন প্রতিপালনের আওতায় আনা;
- শতকরা ৭৫ ভাগ সনাতন পদ্ধতির ইটভাটাকে উন্নত প্রযুক্তির ইটভাটায় রূপান্তর;

# উপক্রমণিকা (Preamble)

২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরের প্রধান উদ্দেশ্য হলো একটি কার্যকর, দক্ষ এবং গতিশীল প্রশাসনিক ব্যবস্থার প্রচলন অব্যাহত রাখা। পরিচালক পরিবেশ অধিদপ্তর, ময়মনসিংহ বিভাগীয় কার্যালয় এর সাথে মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, ঢাকা-এর কাজের গতিশীলতা আনয়ন করা। এ চুক্তির আওতায় স্বাক্ষরিত লক্ষসমুহ অর্জনের জন্য কর্মকৌশল গ্রহণ করা ও অর্জনসমূহ তিন মাস পরপর পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর কার্যালয়ের কমিটিকে অবহিত করা। সর্বোপরী লক্ষমাত্রা অর্জনের মাধ্যমে রূপকল্প ২০২১ বাস্তবায়নে অবদান রাখা। এ চুক্তির পক্ষসমূহ হলো পরিচালক, পরিবেশ অধিদপ্তর, ময়মনসিংহ বিভাগীয় কার্যালয় ও মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, ঢাকা।

পরিচালক, পরিবেশ অধিদপ্তর, ময়মনসিংহ বিভাগ

এবং

মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, ঢাকা, ।

এর মধ্যে ২০১৯ সালের জুন মাসের ১৬ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ সেকশন ১, সেকশন ২ ও সেকশন ৩ এ বর্ণিত বিষয়সমূহে সম্মত হলেন।

# সেকশন ১

## পরিবেশ অধিদপ্তরের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প :

২০২১ সালের মধ্যে বর্তমান ও আগামী প্রজন্মের জন্য দূষণমুক্ত বাসযোগ্য সুস্থ, সুন্দর, টেকসই ও পরিবেশসম্মত বাংলাদেশ গড়ে তোলা।

### ১.২ অভিলক্ষ্য :

- বর্তমান ও ভবিষ্যৎ প্রজন্মের জন্য নিরাপদ পরিবেশ গড়ে তোলা;
- পরিবেশ সংক্রান্ত আইন-কানুন ও বিধি-বিধানের যথাযথ প্রয়োগ;
- পরিবেশ বিষয়ে জনসচেতনতা বৃদ্ধি;
- টেকসই উন্নয়ন ও পরিবেশ সুশাসন নিশ্চিত করা;
- উন্নয়ন পরিকল্পনায় অর্থনৈতিক উন্নয়ন ও পরিবেশ ব্যবস্থাপনা নিশ্চিত করা।

### ১.৩ উদ্দেশ্যসমূহ

#### ১.৩.১ কৌশলগত উদ্দেশ্যসমূহ :

১। পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ;
২। পরিবেশগত সেবা নিশ্চিতকরণ;

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ

- দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন;
- উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন;
- দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন;
- তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন;

### ১.৪ কার্যাবলি

- দূষণকারী ব্যক্তি, শিল্প-কারখানা, প্রতিষ্ঠান ও প্রকল্পের বিরুদ্ধে অভিযান পরিচালনা ও আইনগত ব্যবস্থা গ্রহণ;
- দূষণ রোধকল্পে জনসচেতনতা বৃদ্ধির জন্য স্টেকহোল্ডারদের সাথে জনসচেতনতামূলক সভা/সেমিনার আয়োজন;
- আবেদনের প্রেক্ষিতে বিভিন্ন শিল্প প্রতিষ্ঠান/ প্রকল্পের অনুকূলে অবস্থানগত/পরিবেশগত ছাড়পত্র ও নবায়ন প্রদান;
- পরিবেশ দূষণ সংক্রান্ত অভিযোগের প্রেক্ষিতে প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণ করা/আইনগত পদক্ষেপ গ্রহণ;

# সেকশন ২

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ (Target/Criteria Value for FY 2019-20) অসাধারণ ১০০% | অতি উত্তম ৯০% | উত্তম ৮০% | চলতি মান ৭০% | চলতি মানের নিম্নে ৬০% | প্রক্ষেপণ (Projection) ২০২০-২১ | প্রক্ষেপণ (Projection) ২০২১-২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| পরিবেশ অধিদপ্তর, ময়মনসিংহ বিভাগীয় কার্যালয়ের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ | ৫০ | দূষণ রোধে উন্নত প্রযুক্তির প্রচলন ও ব্যবহার | ১. সনাতন পদ্ধতির ইটভাটাকে উন্নত প্রযুক্তির ইটভাটায় রুপান্তরের কাভারেজ | % | ১০ | ৬০ | ৬৫ | ৭৫ | ৭০ | ৬৮ | ৬৭ | ৬৬ | ৯০ | ৯৮ |
| | | দূষণকারী ব্যক্তি, শিল্প-কারখানা, প্রতিষ্ঠান ও প্রকল্পের বিরুদ্ধে অভিযান পরিচালনা ও আইনগত ব্যবস্থা গ্রহণ | ২.দূষণকারীদের বিরুদ্ধে এনফোর্সমেন্ট অভিযান পরিচালনা | সংখ্যা | ৫ | ৪ | ৩০ | ২০ | ১৫ | ১০ | ৮ | ৬ | ৭ | ৫ |
| | | | ৩. মোবাইল কোর্ট পরিচালনা | সংখ্যা | ১০ | ১৮ | ৮ | ১৫ | ১২ | ১০ | ৯ | ৮ | ১৫ | ১২ |
| | | জনসচেতনতা বৃদ্ধি | ৪. সভা/ সমাবেশ/ | সংখ্যা | ১০ | ১২ | ১২ | ১৫ | ১২ | ১১ | ১০ | ৯ | ১৮ | ২০ |

| | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | কর্মশালা/জাতীয় ও আন্তর্জাতিক দিবস উদযাপন | | | | | | | | | | | |
| | | | ৫. পরিবেশ দূষণের অভিযোগের বিষয়ে গণ শুনানী | সংখ্যা | ১০ | ৫ | ৫ | ১৫ | ১২ | ১১ | ১০ | ৯ | ১২ | ১০ |
| | | পরিবেশ সংরক্ষণ আইন অনুযায়ী পরিবেশ ও প্রতিবেশ সংরক্ষণ | ৬. সাদামাটির কোয়ারি মনিটরিং | সংখ্যা | ৫ | ৭ | ৭ | ৮ | ৭ | ৬ | ৫ | ৪ | ০৯ | ১০ |
| | | | ৭. নিষিদ্ধ পলিথিন বিরোধী অভিযান | সংখ্যা | ৫ | ৩ | ১ | ৬ | ৫ | ৪ | ৩ | ২ | ৮ | ৭ |
| পরিবেশগত সেবা নিশ্চিতকরণ | ৩৫ | পরিবেশগত বিষয়ে বিভিন্ন অভিযোগের পরিপ্রেক্ষিতে গৃহিত কার্যক্রম | ৮. পরিবেশ দূষণের অভিযোগ নিস্পত্তিকরণ | সংখ্যা | ৫ | ২৫ | ৩৩ | ২২ | ২০ | ১৮ | ১৬ | ১৪ | ২০ | ১৮ |
| | | আবেদনের পরিপ্রেক্ষিতে বিভিন্ন শিল্প প্রতিষ্ঠান/ প্রকল্পের অনুকূলে পরিবেশগত ছাড়পত্র/ নবায়ন প্রদান | ৯.পরিবেশগত/ অবস্থানগত ছাড়পত্র নিষ্পত্তিকরণ (আবেদনের প্রেক্ষিতে) | % | ১৫ | ৮০ | ৯০ | ৯০ | ৮১ | ৭২ | ৬০ | ৫৪ | ৯৫ | ৯৮ |

# সেকশন ৩

## পরিবেশ অধিদপ্তরের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

## (মোট মান ২০)

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | লক্ষ্যমাত্রার মান ২০১৯-২০ (Target/Criteria Value for FY 2019-20) | | | | |
| | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতিমানের নিম্নে |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | ৪ | ২০১৯-২০ অর্থবছরের খসড়া কর্মসম্পাদন চুক্তি দাখিল | নির্ধারিত সময়সীমার মধ্যে চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ১ | ০২ মে | ০৭ মে | ১৫ মে | ১৭ মে | ১৮ মে |
| | | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | ২ | - | - |
| | | ২০১৯-২০অর্থবছরের বার্ষিক কর্ম সম্পাদন চুক্তির অর্ধবার্ষিক প্রতিবেদন দাখিল | নির্ধারিত তারিখে অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ১০ জানুযারী | ১২ জানুযারী | ১৫ জানুযারী | ১৮ জানুযারী | ১৯ জানুযারী |
| দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ৪ | সরকারী কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণের সময় | জনঘণ্টা | | - | - | - | - | - |
| | | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | ২০১৯-২০অর্থবছরের শুদ্ধাচার বাস্তবায়ন পরিকল্পনা এবং বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো প্রণীত ও দাখিলকৃত | তারিখ | ১ | ০১ জুলাই | ৩১ জুলাই | - | - | - |
| | | | নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | ২ | - | - |
| তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন | ২ | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ১ | প্রতি মাসের ১ম সপ্তাহ | প্রতি মাসের ২য় সপ্তাহ | প্রতি মাসের ৩য় সপ্তাহ | - | - |
| কার্যপদ্ধতি ও সেবার মান উন্নয়ন | ৫ | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরীপত্র যুগপৎ জারী নিশ্চিতকরণ | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরীপত্র যুগপৎ জারীকৃত | % | ১ | - | - | - | - | - |
| | | সেবা প্রক্রিয়ায় উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়ন | কমপক্ষে একটি অনলাইন সেবা চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | - | - |
| | | | কমপক্ষে ১টি সেবা প্রক্রিয়া সহজীকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | - | - |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নিষ্পত্তিকৃত অভিযোগ | % | ১ | ৮ | ৭ | ৬ | ৫ | ৪ |
| কর্ম পরিবেশ | ৪ | অফিস ভবন ও আঙ্গিনা পরিচ্ছন্ন রাখা | নির্ধারিত সময়সীমার মদধ্য অফিস ভবন | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | - | - |

[1] ৬০ ঘণ্টা প্রশিক্ষণের মধ্যে অন্যূন ২০ঘন্টা সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণ অন্তর্ভুক্ত থাকবে।

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সুচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | লক্ষ্যমাত্রার মান ২০১৯-২০ (Target/Criteria Value for FY 2019-20) | | | | |
| | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতিমানের নিম্নে |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| উন্নয়ন | | | ও আঙ্গিনা পরিচ্ছন্ন রাখা | | | | | | | |
| | | সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার (Waiting Room) এর ব্যবস্থা করা | সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার (Waiting Room) চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | - | - |
| | | সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা | সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | - | - |
| আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ১ | অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | বছরে অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |

আমি, পরিচালক, পরিবেশ অধিদপ্তর ময়মনসিংহ বিভাগীয় কার্যালয়, মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, ঢাকা এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, ঢাকা, পরিচালক, পরিবেশ অধিদপ্তর, ময়মনসিংহ বিভাগীয় কার্যালয় এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

১৮.০৬.২০১৯

---------------------------------------- ------------------------

পরিচালক
পরিবেশ অধিদপ্তর, ময়মনসিংহ বিভাগীয় কার্যালয়

তারিখ

১৬/৮/২০১৯

---------------------------------------- ------------------------

মহাপরিচালক
পরিবেশ অধিদপ্তর, ঢাকা

তারিখ

# সংযোজনী-১
## শব্দসংক্ষেপ (Acronyms)

| ঝ.ঘ. | Acronym | Description |
|---|---|---|
| ১ | ATP | Air Treatment Plant |
| ২ | APA | Annual Performance Agreement |
| ৩ | CAMS | Continuous Air Monitoring Station |
| ৪ | ECA | Ecologically Critical Area |
| ৫ | ETP | Effluent Treatment Plant |



## সংযোজনী- ২

### কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী অফিস এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| ক্রমিক নম্বর | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | সনাতন পদ্ধতির ইটভাটাকে উন্নত প্রযুক্তির ইটভাটায় রূপান্তরের কাভারেজ | ইট প্রস্তুত ও ভাটা স্থাপন নিয়ন্ত্রণ আইন, ২০১৯ এর আলোকে উন্নত প্রযুক্তি (হাইব্রিড হফম্যান কিলন, জিগজ্যাগ কিলন, ভার্টিক্যাল শ্যাফ্ট কিলন ইত্যাদি প্রযুক্তি) ব্যবহার করে ইটভাটাকে উন্নত প্রযুক্তির ইটভাটায় রূপান্তর। | পরিবেশ অধিদপ্তর | মাঠ পর্যায়ে মনিটরিং শেষে সংগৃহীত তথ্য সংকলন / পরিবেশ অধিদপ্তর ময়মনসিংহ বিভাগীয় কার্যালয়ে প্রেরণ | |
| ২ | শিল্প কারখানায় দূষণ নিয়ন্ত্রণে Effluent Treatment Plant (ETP) কাভারেজ | ১। বিপজ্জনক বর্জ্যসমূহ সুষ্ঠু ব্যবস্থাপনার মাধ্যমে শ্রমিকদের নিরাপত্তা নিশ্চিতসহ শিপইয়ার্ডসমুহের পরিবেশ ব্যবস্থাপনা নিশ্চিত করবে।<br>২। Effluent Treatment Plant (ETP) বা ইটিপি হচ্ছে সবচেয়ে সাশ্রয়ী ও পরিক্ষীত প্রযুক্তি যার মাধ্যমে অযাচিত, বিষাক্ত ও বিপজ্জনক রাসায়নিক দ্রব্য তরল বর্জ্য থেকে অপসারণ করা যায় যা দূষণ নিয়ন্ত্রণের প্রয়োজনীয় মানদন্ড পূরণ করে। | পরিবেশ অধিদপ্তর | মাঠ পর্যায়ে মনিটরিং শেষে সংগৃহীত তথ্য সংকলন / পরিবেশ অধিদপ্তর ময়মনসিংহ বিভাগীয় কার্যালয়ে প্রেরণ | |
| ৩ | দূষণকারীদের বিরুদ্ধে পরিচালিত অভিযান | দূষণকারী ব্যক্তি/প্রতিষ্ঠানের বিরুদ্ধে বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (সংশোধিত ২০১০) এর আওতায় পরিবেশ অধিদপ্তরের টীম/জেলা প্রশাসকের কার্যালয়ের নির্বাহী ম্যাজিস্ট্রেটের সহায়তায় মোবাইল কোর্ট / এনফোর্সমেন্ট অভিযান পরিচালনা করা। | পরিবেশ অধিদপ্তর | মোবাইল কোর্ট / এনফোর্সমেন্ট অভিযান পরিচালনা শেষে সংগৃহীত তথ্য সংকলন / পরিবেশ অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন | |
| ৪ | আয়োজিত সভা/ সমাবেশ/ কর্মশালা /উদযাপিত জাতীয় ও আন্তর্জাতিক দিবস | পরিবেশ দূষণ রোধ ও পরিবেশ বিষয়ে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে আয়োজিত সভা/ সমাবেশ/ কর্মশালা /উদযাপিত জাতীয় ও আন্তর্জাতিক দিবস আয়োজন ও অংশগ্রহণ। | পরিবেশ অধিদপ্তর | জেলা কার্যালয় হতে সংগৃহীত তথ্য সংকলন / পরিবেশ অধিদপ্তর ময়মনসিংহ বিভাগীয় কার্যালয়ে প্রেরণ | |
| ৫ | প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়াতে প্রচার | পরিবেশ বিষয়ক বিভিন্ন জনসচেতনতামূলক প্রচারণা/কার্যক্রম প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়াতে প্রচার। | পরিবেশ অধিদপ্তর | জনসচেতনতামূলক প্রচারণা/কাযক্রম প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়াতে প্রচার এর কপি/ প্রতিবেদন পরিবেশ অধিদপ্তর ময়মনসিংহ বিভাগীয় কার্যালয়ে প্রেরণ। | |
| ৬ | প্রদানকৃত পরিবেশগত ছাড়পত্র ও নবায়ন | যথাযথ পরিবেশগত ব্যবস্থাপনা নিশ্চিতকল্পে প্রকল্প ও প্রতিষ্ঠানের অনুকূলে পরিবেশগত ছাড়পত্র ইস্যু ও নবায়ন করা। | পরিবেশ অধিদপ্তর | মাঠ পর্যায়ে মনিটরিং শেষে সংগৃহীত তথ্য সংকলন / পরিবেশ অধিদপ্তর ময়মনসিংহ বিভাগীয় কার্যালয়ে প্রেরণ | |
| ৭ | নিস্পত্তিকৃত অভিযোগ | পরিবেশ দূষণ বিষয়ে ব্যাক্ত বা প্রতিষ্ঠানের নিকট হতে প্রাপ্ত কিংবা সংবাদপত্রে প্রকাশিত অভিযোগের প্রেক্ষিতে গৃহীত ব্যবস্থা | | | |

## সংযোজনী ৩

অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থার নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগের চাহিদা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদার মাত্রা উল্লেখ করুন | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|---|
| সরকারী | স্থানীয় জেলা প্রশাসন। ময়মনসিংহ সিটিকর্পোরেশন, ইউনিয়ন পরিষদ, সেবা সংযোগ প্রদানকারী প্রতিষ্ঠান | পরিবেশ দূষণকারী ব্যক্তি/প্রতিষ্ঠান -কে আইনের আওতায় এনে শাস্তি নিশ্চিত করা | দূষণ প্রতিরোধধে ব্যবস্থা গ্রহণ | পরিবেশের ভারসম্য রক্ষা হবে। | ৪০% | প্রাকৃতিক ভারসম্য বিনষ্ট হবে। |
| সরকারী ও বেসরকারী সংস্থা | শিল্প প্রতিষ্ঠান/ উদ্যোক্তা | সনাতন পদ্ধতির ইটভাটাকে উন্নত প্রযুক্তির ইটভাটায় রূপান্তরের কাভারেজ | পরিবেশগত বিধিবিধান পালনের প্রতিশ্রুতি ও মনোভাব | শিল্প প্রতিষ্ঠান/উদ্যোক্তা পরিবেশগত বিধিবিধান পালনে সচেষ্ট না থাকলে উন্নত প্রযুক্তির ইটভাটা স্থাপন ব্যহত হবে | ৫০% | শিল্প দূষণ বৃদ্ধি পাবে। |
| সরকারী ও বেসরকারী সংস্থা | শিল্প প্রতিষ্ঠান/ উদ্যোক্তা | শিল্প কারখানায় দূষণ নিয়ন্ত্রণে Effluent Treatment Plant (ETP) স্থাপন ও ব্যবস্থাপনা | পরিবেশগত বিধিবিধান পালনের প্রতিশ্রুতি ও মনোভাব | পরিবেশগত বিধিবিধান পালনে সচেষ্ট না থাকলে ETP স্থাপন ও দূষণ নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা ত্বরান্বিত হবেনা। | ৩০% | শিল্প দূষণ বৃদ্ধি পাবে।<br>পরিবেশ ও প্রতিবেশের ক্ষতি সাধিত হবে। |
| সরকারী ও বেসরকারী সংস্থা | এনজিও, শিক্ষাপ্রতিষ্ঠান , মিডিয়া ও জনগণ | আয়োজিত সভা/ সমাবেশ/ কর্মশালা /উদযাপিত জাতীয় ও আন্তর্জাতিক দিবস | অংশগ্রহণ ও প্রচারণা | পরিবেশগত বিষয়ে জনসচেতনতা সৃষ্টির জন্য | ৪০% | পরিবেশগত বিষয়ে জনসচেতনতা সৃষ্টি ব্যাহত হবে। |
| সরকারী ও বেসরকারী সংস্থা | মিডিয়া ও জনগণ | প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়াতে প্রচার | অংশগ্রহণ ও প্রচারণা | পরিবেশগত বিষয়ে জনসচেতনতা সৃষ্টির জন্য | ৪৫% | পরিবেশগত বিষয়ে জনসচেতনতা সৃষ্টি ব্যাহত হবে। |
| সরকারী ও বেসরকারী সংস্থা | শিল্প প্রতিষ্ঠান/উদ্যোক্তা | প্রদানকৃত পরিবেশগত ছাড়পত্র ও নবায়ন | নিয়মিত পরিবেশগত ছাড়পত্রের জন্য প্রয়োজনী ছাড়পত্র ফি ও তথ্যসহ আবেদন দাখিল | পরিবেশগত বিধিবিধান পালনে সচেষ্ট না থাকলে পরিবেশগত ছাড়পত্র প্রদানের উদ্দেশ্য ব্যাহত হবে | ৭০% | পরিবেশ দূষণ বৃদ্ধি পাবে। পরিবেশ ও প্রতিবেশের ক্ষতি সাধিত হবে। |